

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনছার ভিডিপি কর্মকর্তার কার্যালয়
পীরগাছা, রংপুর




স্মারক নং- ৪৪৫৩.৫৫.৫৫.০২.৩.০৩-৪৫৫/৫৫

তারিখঃ ০৪-০৪-২০২২ খ্রি:

বিষয় : আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটির সভায় অংশগ্রহণ প্রসংগে।

উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটির দ্বি-মাসিক সভা আগামী ১০-০৪-২০২২ খ্রি: তারিখ বেলা ১২.০০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটি, পীরগাছা, রংপুর-এর কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


(ফারুক খানের স্মি)

উপজেলা আনছার ভিডিপি কর্মকর্তা

ও

সদস্য সচিব

আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটি
পীরগাছা, রংপুর

সদস্য জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১. উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটি, পীরগাছা, রংপুর।
২. চেয়ারম্যান, ৭ নং পীরগাছা ইউনিয়ন পরিষদ ও সদস্য, আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটি, পীরগাছা, রংপুর।
৩. চেয়ারম্যান, ৮ নং কৈকুড়ী ইউনিয়ন পরিষদ ও সদস্য, আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটি, পীরগাছা, রংপুর।
৪. চেয়ারম্যান, ৫ নং ছাওলা ইউনিয়ন পরিষদ ও সদস্য, আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটি, পীরগাছা, রংপুর।
৫. অফিস কপি।

উপজেলা পরিষদ কার্যালয়
পীরগাছা, রংপুর

আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মো: আরিফুল হক লিটন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান-এর অফিস কক্ষ
তারিখ : ১০-০৪-২০২২ খ্রি:
সময় : বেলা ১২.০০ টা।

পরিশিষ্ট 'ক' সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা-

ক্রমিক নং	নাম ও পদবী	উপাধী	স্বাক্ষর
১	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর	সভাপতি	স্বাক্ষরিত
২	চেয়ারম্যান, ৭ নং পীরগাছা ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর	সদস্য	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, ৮ নং কৈকুড়ী ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর	সদস্য	স্বাক্ষরিত
৪	চেয়ারম্যান, ৫ নং ছাওলা ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর	সদস্য	স্বাক্ষরিত
৫	উপজেলা আনছার ডিডিপি কর্মকর্তা, পীরগাছা, রংপুর	সদস্য-সচিব	স্বাক্ষরিত

আলোচ্য সূচিঃ

- উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ পর্যালোচনা
- অন্যান্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। সংশ্লিষ্ট সদস্য সচিবগণ শুরুতে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সভায় কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:


ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১।	উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ পর্যালোচনা	উপজেলা আনছার ডিডিপি কর্মকর্তা সভায় জানান যে, এপ্রিল/২২ মাসে খুন, ধর্ষণ, ছিনতাই, মেয়েদের উত্যক্ত ও শিশু পাচার ইত্যাদি সম্পর্কিত কোন মামলা হয়নি। সংশ্লিষ্ট আসামীদের আইনের আওতায় নিয়ে আসার ব্যবস্থা করা হয়েছে। গত মাসের তুলনায় এ মাসে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ছিল। তিনি আরো বলেন যে, বর্তমানে দেশে ধর্ষণ প্রতিবাদ জোরদার করা হয়েছে। এত করে অনেক বড় দুর্ঘটনা হতে পারে। অপরাধ প্রবনতা সামাজিকভাবে প্রতিরোধের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। উপস্থিত সদস্যবৃন্দ ডোমার উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক বলে মন্তব্য করেন। সভাপতি বলেন যে, ধর্ষণ ও বাল্যবিবাহ রোধ বিভিন্ন ধরনের অপরাধ অভিভাবক, স্কুল/কলেজের শিক্ষক/শিক্ষার্থীকে নিয়ে সচেতনতা বৃদ্ধির জন্য সভার আয়োজন করতে হবে এবং বাল্যবিবাহ/চোরাচালান প্রতিরোধ কমিটির সভা ইউনিয়ন পর্যায়ে করতে হবে। এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে	অপরাধ প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ/চোরাচালান প্রতিরোধ কমিটির সদস্য ও উপস্থিত ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।	সকল সদস্য
০২।	বিবিধ	সভাপতি বলেন যে, আইনের মাধ্যমে সকল অপরাধীর শাস্তির ব্যবস্থা করতে হবে। বর্তমানে করোনভাইরাস মারাত্মক ভয়াবহ পরিস্থিতি সৃষ্টি করতে পারে। তাই ভাইরাস থেকে রক্ষার জন্য সবাইকে সচেতন থাকার পরামর্শ প্রদান করেন।	সামাজিক সচেতনতা সৃষ্টি করতে হবে।	সকল সদস্য

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আরিফুল হক লিটন)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও
সভাপতি

আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটি
পীরগাছা, রংপুর


১০/৪/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনছার ভিডিপি কর্মকর্তার কার্যালয়
পীরগাছা, রংপুর



স্মারক নং- ১-৭৪(৪)/৩৫৬

তারিখঃ ১০-০৪-২০২২ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর।
- ৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
- ৪। জনাব....., সদস্য, আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটি,
পীরগাছা, রংপুর।

(ফারজান কাদের সুমি)

উপজেলা আনছার ভিডিপি কর্মকর্তা

ও

সদস্য সচিব

আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটি

পীরগাছা, রংপুর